ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৭৫৪
আগরতলা, ১ ফেব্রুয়ারি, ২০২৪

# প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১৩ জানুয়ারি, ২০২৪ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় 'প্রকল্প শুরুর আগেই হাওয়া সাড়ে চার কোটি' এবং গত ১৭ জানুয়ারি, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় 'জনজাতি কল্যাণে ঘোষিত প্রকল্প- ১০ মাস পেরিয়ে যাচ্ছে, এখনও কাজ শুরু করতে পারেনি দপ্তর' শিরোনামে প্রকাশিত সংবাদ দুটি জনজাতি কল্যাণ দপ্তরের নজরে এসেছে। সংবাদ দুটির পরিপ্রেক্ষিতে জনজাতি কল্যাণ দপ্তর থেকে জানানো হয়েছে, প্রকাশিত সংবাদ দুটি সঠিক নয়। সংবাদ দুটিতে যে তথ্য প্রকাশিত ও পরিবেশিত হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক।

জনজাতি কল্যাণ দপ্তর থেকে এক প্রেস রিলিজে জানানো হয়েছে, গত ২৬ জুন, ২০২৩ তারিখে ত্রিপুরা রুরাল ইকোনমিক গ্রোথ অ্যান্ড সার্ভিস ডেলিভারি প্রজেক্ট (TRESP) বিশ্বব্যাঙ্কের (World Bank) অনুমোদন পেয়েছে। ইতিমধ্যে বিশ্বব্যাঙ্কের First Implementation Support Mission হয়ে গেছে। বিশ্বব্যাঙ্কের গাইডলাইন অনুযায়ী, স্বচ্ছ প্রক্রিয়া অবলম্বনে এই প্রজেক্টের জন্য টেন্ডারের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে ৮টি Technical Support Agency-কে নিযুক্ত করা হয়েছে, যারা ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছে। বিভিন্ন থিমেটিক স্পেশালিস্ট ও এক্সপার্ট নিযুক্ত করা হয়েছে এবং অন্যান্য পদে লোক নিয়োগ প্রক্রিয়াধীন। এই প্রজেক্টের অধীনে চারটি স্কুল বিল্ডিং তৈরির জন্য নির্মাণ সংস্থা চূড়ান্ত করা হয়েছে। জনজাতি এলাকায় ৯৪.৭৫২ কিমি রাস্তা তৈরির জন্য টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে নির্মাণ সংস্থার সাথে চুক্তি করা হয়েছে এবং ১২৫.০৩ কিমি রাস্তার ডিপিআর তৈরি হয়ে গেছে। আরও ১৯৬.৮০ কিমি রাস্তার জন্য ডিপিআর তৈরি করা হচ্ছে।

*****